# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬০৩

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

## আরবী

عَن ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا : أن رَسُولَ الله ﷺ رَأى خاتَماً مِنْ ذَهَبٍ فِي يَدِ رَجُلٍ فنزَعَهُ فَطَرَحَهُ وَقال يَعْمدُ أحَدُكُمْ إِلَى جَمْرَةٍ مِنْ نَارٍ فَيَجْعَلُهَا فِي يَدِهِ فَقِيلَ لِلرَّجُلِ بَعدمَا ذَهَبَ رَسُولُ الله ﷺ خُذْ خَاتَمَكَ انْتَفِعْ بِهِ قَالَ: لاَ وَالله لاَ آخُذُهُ أبداً وَقَدْ طَرَحَهُ رَسُولُ الله ﷺ رواه مسلم

## বাংলা

(১৬০৩) ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ একটি লোকের হাতে সোনার আংটি দেখতে পেলেন। অতঃপর তিনি তা খুলে নিয়ে ছুঁড়ে ফেলে দিলেন এবং বললেন, তোমাদের মধ্যে একজন স্বেচ্ছায় আগুনের টুকরা নিয়ে তা স্বহস্তে রাখতে চায়! অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চলে গেলে সেই লোকটিকে বলা হল, ’তুমি তোমার আংটিটা তুলে নাও এবং (তা বিক্রি করে অথবা উপঢৌকন দিয়ে) তার দ্বারা উপকৃত হও।’ সে বলল, ’না। আল্লাহর কসম! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা ফেলে দিয়েছেন, তা আমি কখনই তুলে নেব না।’

## ফুটনোট

(মুসলিম ৫৫৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন